



Board Of Investment Prime Minister's Office



বিদেশি নাগরিকদের অনুকূলে P1/E/E1 ক্যাটাগরির ভিসা সুপারিশ এবং কর্মানুমতি গ্রহণের পদ্ধতি

বাংলাদেশে বিদেশি কোম্পানির শাখা, লিয়াজে ও প্রতিনিধি অফিস স্থাপনের অনুমতি এবং বিদেশি নাগরিকের অনুকূলে কর্মানুমতি প্রদানের কর্মপদ্ধতি-২০১১ অনুযায়ী বাংলাদেশে স্থাপিত বিদেশি কোম্পানির ব্রাঞ্চ/লিয়াজে ও রিপ্রেজেন্টেটিভ অফিসসহ অন্যান্য স্থানীয় প্রতিষ্ঠানে এবং সরকারি প্রকল্পে বাণিজ্যিক উদ্দেশ্যে আগত প্রত্যেক বিদেশি উদ্যোক্তা ও প্রকর্মীর জন্য যথাক্রমে P1/E/E1 শ্রেণীর ভিসা এবং কর্মানুমতি বিনিয়োগ বোর্ড, প্রধানমন্ত্রীর কার্যালয়, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা হতে গ্রহণ করতে হবে।

ধাপ-১

- বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে যথাযথ কাগজপত্রসহ বিনিয়োগ বোর্ডে ভিসা সুপারিশের জন্য আবেদন করতে হয়। কাগজপত্র পরীক্ষান্তে সঠিক থাকলে বিনিয়োগ বোর্ড উক্ত সুপারিশপত্র সংশ্লিষ্ট দেশের দূতাবাসে ফ্যাক্সযোগে প্রেরণ করে থাকে, যার একটি কপি আবেদনকারীকেও দেয়া হয়। উক্ত সুপারিশপত্রের ভিত্তিতে বিদেশি নাগরিক সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস হতে ভিসা গ্রহণপূর্বক বাংলাদেশে আগমন করে থাকে।

ধাপ-২

- বিদেশি নাগরিকের বাংলাদেশে আগমনের ১৫ দিনের মধ্যে নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক কর্মানুমতির জন্য আবেদন করতে হয়।
- যথাযথ কাগজপত্রসহ কর্মানুমতির আবেদনপত্র বিনিয়োগ বোর্ডের Online Reception Desk (১৩তম তলা)-এ দাখিল করতে হয় (Check list সংযুক্ত)।

ধাপ-৩

- দাখিলকৃত কাগজপত্র যথাযথভাবে পরীক্ষান্তে বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান/নির্বাহী সদস্যের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত সিদ্ধান্ত আবেদনকারীকে অনলাইনে জানিয়ে দেয়া হয়। কর্মানুমতির প্রস্তাব গৃহীত হলে আবেদনকারী প্রতিষ্ঠানকে প্রতি জনের জন্য প্রতি বছর ৫,০০০ টাকা হিসাবে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারি চালান কোড : ১-৩৯০১-০০০১-১৮৭৬-এর মাধ্যমে পরিশোধ করে মূলকপি বিনিয়োগ বোর্ডে দাখিল করতে হয়। ফি গ্রহণের পর বিনিয়োগ বোর্ড হতে অনুমতিপত্র জারি করা হয়। কর্মানুমতি প্রাথমিকভাবে ০২ বৎসরের জন্য দেয়া হয় এবং কর্মানুমতিপত্রে বর্ণিত শর্তাবলি সন্তোষজনকভাবে প্রতিপালনসাপেক্ষে আরও ০২ বৎসর করে মেয়াদ বৃদ্ধি করা হয়।
- ভিসার সুপারিশ এবং কর্মানুমতির জন্য দাখিলকৃত কাগজপত্র :
 - কর্মানুমতির জন্য নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে
 - ব্রাঞ্চ/লিয়াজে/রিপ্রেজেন্টেটিভ অফিসের অনুমোদন অথবা মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অব অ্যাসোসিয়েশন এবং ইনকর্পোরেশন সার্টিফিকেট
 - ইনকর্পোরেশন সার্টিফিকেট
 - বোর্ড রেজুলেশন
 - পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ
 - পাসপোর্টের ফটোকপি আগমনের সিলসহ
 - দেশি/বিদেশি প্রকর্মীর জনবলের বিবরণী
 - শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা (শুধুমাত্র প্রকর্মীর ভিসা [E, E1] এবং কর্মানুমতির জন্য)
 - পত্রিকার বিজ্ঞাপন (মূলকপি) (শুধুমাত্র প্রকর্মীর ভিসা এবং কর্মানুমতির জন্য)
 - এনক্যাশমেন্ট সার্টিফিকেট ন্যূনতম ৫০,০০০ মার্কিন ডলার
 - প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট কার্যক্রম

ধাপ-৪

- বিদেশি প্রকর্মীগণ বাংলাদেশে সর্বোচ্চ ৫ বৎসর অবস্থানের অনুমতি পেয়ে থাকেন এবং এই সময়কালের মধ্যে বিদেশি স্থলাভিষিক্ত হতে স্থানীয় জনবলকে প্রশিক্ষিত করতে হবে। প্রাথমিকভাবে প্রদত্ত ২ বৎসরের কর্মানুমতির মেয়াদ শেষ হলে নিম্নবর্ণিত কাগজপত্রসহ মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করতে হয়।
 - কর্মানুমতির মেয়াদ বৃদ্ধির জন্য নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে
 - পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ (২ কপি)
 - বিদেশি প্রকর্মী নিয়োগের জন্য বোর্ড রেজুলেশন
 - পাসপোর্টের ফটোকপি ই-শ্রেণীর ভিসা এবং পিআই শ্রেণীর ভিসাসহ
 - মেয়াদ বৃদ্ধির চুক্তি এবং নিয়োগপত্র
 - হালনাগাদ আয়কর সনদ
 - বাংলাদেশ ব্যাংকের অনুমতি ১৮(A) (ব্রাঞ্চ/লিয়াজে/রিপ্রেজেন্টেটিভ অফিসের প্রকর্মীদের ক্ষেত্রে)
 - জনবলের বিবরণী, বেতন, পদবী, জাতীয়তা এবং যোগদানের তারিখসহ
 - শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা (শুধুমাত্র প্রকর্মীর ভিসা এবং কর্মানুমতির জন্য)
 - এনক্যাশমেন্ট সার্টিফিকেট (গত দুই বছরের)
 - প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট কার্যক্রম।

নোট : বিদেশি বিনিয়োগকারী/উদ্যোক্তা 'B' ভিসায় বাংলাদেশে আগমন করলে সরাসরি কর্মানুমতির জন্য আবেদন করতে পারবেন।